



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২১০

www.bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০১.০২.০৮৩.২৬.১২৩০/২৮৪৫

তারিখ: ২৪ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার ও ডিপ্লোমা ইন ফিসারিজ শিক্ষাক্রমে পাঠদান নবায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন এগ্রিকালচার ও ডিপ্লোমা ইন ফিসারিজ শিক্ষাক্রমে বর্ণিত প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত শর্তে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের জন্য পাঠদান নবায়ন প্রদান করা হলো।

ক্র. নং	শিক্ষাক্রম	প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও কোড	শিক্ষাবর্ষ	টেকনোলজিসমূহ	পাঠদান নবায়নের মেয়াদ
১.	১. ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং	বোয়ালমারী ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি স্টেডিয়াম রোড, বোয়ালমারী, ফরিদপুর। প্রতিষ্ঠান কোড: ৪৬০৮৩	২০২৫-২০২৬	ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং: ১. সিভিল ২. ইলেকট্রিক্যাল ৩. কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি	০১ জুলাই, ২০২৫ হতে ৩০ জুন, ২০২৬ পর্যন্ত
২.	১. ডিপ্লোমা ইন এগ্রিকালচার	ডি আই পি শাহাদৎ হোসেন কৃষি প্রযুক্তি ইনস্টিটিউট বদরগঞ্জ, রংপুর। প্রতিষ্ঠান কোড: ১৬১০২	২০২৫-২০২৬	১. ডিপ্লোমা ইন এগ্রিকালচার	০১ জুলাই, ২০২৫ হতে ৩০ জুন, ২০২৬ পর্যন্ত
৩.	১. ডিপ্লোমা ইন এগ্রিকালচার ২. ডিপ্লোমা ইন ফিসারিজ	মোমেনশাহী এগ্রিকালচারাল এডুকেশন এন্ড ট্রেনিং ইনস্টিটিউট বিএডিসি কমপ্লেক্স, শমুগঞ্জ, ময়মনসিংহ। প্রতিষ্ঠান কোড: ৫৭০৬৯	২০২৫-২০২৬	১. ডিপ্লোমা ইন এগ্রিকালচার ২. ডিপ্লোমা ইন ফিসারিজ	০১ জুলাই, ২০২৫ হতে ৩০ জুন, ২০২৬ পর্যন্ত

শর্তসমূহ:

- কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২০ অনুযায়ী নির্ধারিত সময়ে নিজস্ব জমিতে উপযুক্ত ভৌত অবকাঠামো, স্থায়ী ও চলতি আমানতে নির্দিষ্ট পরিমাণ অর্থ জমা আছে নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর সংখ্যা ও পরিচালিত শিক্ষাক্রমে টেকনোলজিভিত্তিক নির্দিষ্ট আকারের ও সংখ্যক শ্রেণী কক্ষ থাকতে হবে।
- পরিচালিত টেকনোলজির জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সম্বলিত উপযুক্ত সংখ্যক ল্যাব/শপ নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর সংখ্যা অনুসারে ক্লাস পরিচালনার উপযোগী প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার ল্যাব এর ব্যবস্থা করতে হবে।
- ব্যবহারিক ক্লাস পরিচালনার জন্য প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ নিশ্চিত করতে হবে।
- প্রবিধান মোতাবেক ক্লাস রুটিন নিশ্চিত করতে হবে এবং ক্লাস রুটিন অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর সন্তোষজনক হাজিরা নিশ্চিত করতে হবে।
- শিক্ষার্থীর শিক্ষার মান উন্নয়ন এবং সন্তোষজনক ফলাফলের ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহন করতে হবে।
- লাইব্রেরীতে সংশ্লিষ্ট বিষয়ের পর্যাপ্ত সংখ্যক বই থাকতে হবে এবং লাইব্রেরী শিক্ষার্থীর ব্যবহারের জন্য খোলা রাখতে হবে।
- বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ অনুযায়ী অনুমোদিত পদ ও শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক কর্মচারী নিয়োগ নিশ্চিত করতে হবে।
- এস, আর, ও নং ২৬৭/আইন/২০০৯ অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে।

অধ্যক্ষ
সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।

স্বাক্ষরিত/-
(প্রকৌ. বি. এম. আমিনুল ইসলাম)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ই-মেইলঃ inspector@bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০১.০২.০৮৩.২৬.১২৩০/২৮৪৫

তারিখ: ২৪ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে না'ও হতে পারে):

- মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, বাকাশিবো, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- অফিস কপি।

(প্রকৌ. মোঃ নূরুল ইসলাম)
উপপরিদর্শক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩৫